গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
**বাজেট অনুবিভাগ-১, শাখা-১**

নং-০৭.১০১.০১৮.০০.০০.০১০.২০১৩-**১৬৫** তারিখঃ ৩০ মার্চ, ২০১৬

বিষয়ঃ **২০১৫-১৬ অর্থবছরে "বাংলা নববর্ষ ভাতা" প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ (জাতীয় বেতন স্কেল, ২০১৫)-এর ১৬ নং অনুচ্ছেদ মোতাবেক ১৪২৩ বঙ্গাব্দ হতে "বাংলা নববর্ষ ভাতা" প্রদান করার বিধান রাখা হয়েছে। বাংলা নববর্ষ ভাতা পাওয়ার ক্ষেত্রে অর্থ বিভাগের ১৪/১০/২০১৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নং প্রজ্ঞাপন মোতাবেক জাতীয় বেতনস্কেলের আওতাভূক্ত সকল কর্মচারী (সামরিক/বেসামরিক) প্রতিবছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে "বাংলা নববর্ষ ভাতা" প্রাপ্য।

২। উল্লেখ্য, ২০১৫-১৬ অর্থবছর থেকে "বাংলা নববর্ষ ভাতা" প্রদান করার লক্ষ্যে "৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা" শীর্ষক একটি নতুন অর্থনৈতিক কোড খোলা হয়েছে এবং ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেটে সকল মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে উক্ত কোডে প্রয়োজনীয় বরাদ্দ রাখার ব্যবস্থা নেয়া হয়েছে। তবে "সংশোধিত বাজেট কর্তৃত্ব" জারী করতে আরো কিছু সময়ের প্রয়োজন হবে। কাজেই ১৪ এপ্রিল, ২০১৬ তারিখের পূর্বেই হিসাব রক্ষণ কার্যালয়সমূহকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন যাতে তারা নববর্ষ ভাতার বিলসমূহ পাস করেন, যা পরবর্তীতে চলতি অর্থবছরের সংশোধিত বাজেটে "৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা" কোডে প্রদর্শিত হবে।

৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে, ২০১৫-১৬ অর্থবছরে ১৪২৩ বঙ্গাব্দের "বাংলা নববর্ষ ভাতা" প্রদানের লক্ষ্যে এ কোডের বিপরীতে সকল মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত বিল পরিশোধের জন্য আপনার আওতাভূক্ত সকল কার্যালয়কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

ডিসিজিএ/প্রশাসন
ডাইরী নং........................তারিখ................
সুপার/এএও/এসিজিএ/প্রশা :- অতি জরুরী।
প্রশা-২ :- ......দিনের মধ্যে মন্তব্য দিন।
সংস্থাপন :- পরীক্ষা করে মতামত দিন।
ব্যয় নিয়ন্ত্রণ :- প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
রেকর্ড :- পৃষ্ঠাংকন করুন।
অডিট :- নথিভূক্ত করুন।
এসিআর

( মোঃ হাবিবুর রহমান )
যুগ্ম সচিব
ফোনঃ ৯৫৭৬০৪৩

বিতরণঃ

১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
২। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা
৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা

অনুলিপিঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৩। সিনিয়র সচিব / সচিব, ..............................................................মন্ত্রণালয়/বিভাগ।
৪। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
**সিজিএ ভবন**
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং-০৭.০৩.০০০০.০০১.০৩.২৭১.১৪-৫৭৮৭ তারিখঃ ৩১-০৩-২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাজেট অনুবিভাগ-১, শাখা-১ এর ৩০-০৩-২০১৬ খ্রিঃ তারিখের স্মারক নং ০৭.১০১.০১৮.০০.০০.০১০.২০১৩-১৬৫ নিম্নবর্ণিত কার্যালয়ে পৃষ্ঠাংকন করা হলো।

১। সিজিএ মুল কার্যালয়ের কর্মকর্তা (সকল) ।
২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) ।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)
৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)
৬। পি এস টু সিজিএ।
৭। অফিস কপি/গার্ড ফাইল।

৩১/৩/১৬

(কাজী কাইয়ুম হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোনঃ ৯৩৫৬৫০৯।

Regulation-3 /- 9 -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি -৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮

তারিখ ঃ ১৪/১০/২০১৫ খ্রিঃ। / ২৯/০৬/১৪২২ বঃ।

**প্রজ্ঞাপন**

সরকার, জাতীয় বেতনস্কেল এর আওতাভুক্ত, সকল সামরিক/বেসামরিক কর্মচারীর জন্য **'বাংলা নববর্ষ ভাতা'** প্রবর্তনের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

০১। আগামী ১৪২৩ বঙ্গাব্দ হতে 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তিত হবে;

০২। জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত সকল কর্মচারী (সামরিক/বেসামরিক) প্রতিবছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে **'বাংলা নববর্ষ ভাতা'** প্রাপ্য হবেন;

০৩। মাসিক নীট পেনশন গ্রহণকারীগণ এবং আজীবন পারিবারিক পেনশন ভোগীগণ তাঁদের মাসিক নীট পেনশনের ২০% হারে এ ভাতা প্রাপ্য হবেন; এবং

০৪। ১০০% পেনশন সমর্পণকারীগণের ক্ষেত্রে এ ভাতা প্রযোজ্য হবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
(ড. মোহাম্মদ আলী খান)
অতিরিক্ত সচিব

নং-০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮

তারিখঃ ১৪/১০/২০১৫ খ্রিঃ। / ২৯/০৬/১৪২২ বঃ।

**অনুলিপি:** সদয় অবগতির/প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও, ঢাকা।
২. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়, কাকরাইল, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ------------------------------(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার, ---------------- -------------(সকল)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৬. হিসাব মহানিয়ন্ত্রক, সেগুনবাগিচা, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৭. কন্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা।
৮. জেলা প্রশাসক, ---------------------------------(সকল)।
(তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৯. সিনিয়র মেইটেনেন্স ইঞ্জিনিয়ার, অর্থ বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
১০. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ করা হল)।

১৪/১০/২০

(আশরাফ উদ্দীন আহ্মম্মদ খান)
উপ- সচিব
ফোনঃ ৯৫৪০১৮৩
ash.ad6009@yahoo.com